

দু'টি সন্তানের বেশি নয়
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
(পেনশন শাখা)
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dgfpbd.org

স্মারক নং-পপঅ/শা-১/পেন-২৪৮১/১৬/ ২২১

তারিখ : ০৬, ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ।
১২, ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিষ্টাব্দ।

বিষয় : অবসর উত্তর ছুটি, লাম্প গ্রান্ট, সাধারণ ভবিষ্যৎ তহবিল চূড়ান্ত উত্তোলন, পেনশন মঞ্জুরী, মন্ত্রণালয়ের অডিট ছাড়পত্র (১ম শ্রেণীর জন্য) এবং যৌথ বীমা ও কল্যাণ তহবিলের অনুদান মঞ্জুরীর আবেদনের পরিপত্রের চেক লিষ্টের সাথে জাতীয় পরিচয় পত্র/স্মার্ট কার্ড-এর সত্যায়িত ফটোকপি এবং বিভিন্ন কর্মস্থলের চাকুরী বিবরণীর কপি দাখিল।

সূত্র : স্মারক নং-পপঅ/শা-১/পেন-২৪৮১/১৬/২৮৮৬(৯০)

তারিখ : ০৪ পৌষ ১৪২৩/১৮ ডিসেম্বর ২০১৬ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে পরিবার পরিকল্পনা অধিদপ্তরধীন কর্মকর্তা/কর্মচারীগণ সরকারি চাকরির অবসর উত্তর ছুটি, লাম্প গ্রান্ট, সাধারণ ভবিষ্যৎ তহবিল চূড়ান্ত উত্তোলন, পেনশন মঞ্জুরী, মন্ত্রণালয়ের অডিট ছাড়পত্র (১ম শ্রেণীর জন্য) এবং যৌথ বীমা ও কল্যাণ তহবিলের অনুদান মঞ্জুরীর আবেদনের সাথে যে সকল কাগজপত্রাদি দাখিল করতে হবে তার ৫(পাঁচ) টি চেকলিষ্ট ইতোপূর্বে সূত্রোক্ত স্মারকে পরিপত্র আকারে জারী করা হয়।

২। পেনশন, আনুতোষিক ও এ সংক্রান্ত বিভিন্ন আবেদন মঞ্জুরের কাজ দ্রুততম সময়ে সম্পাদনের লক্ষ্যে আবেদনপত্রের সাথে চেকলিষ্টে উল্লিখিত প্রয়োজনীয় দলিলাদি সরবরাহ করা প্রয়োজন। উল্লেখ্য, আবেদনপত্রের সাথে প্রায়ই প্রয়োজনীয় দলিলপত্র সংযুক্ত না থাকায় নির্ধারিত সময়ের মধ্যে আবেদনের বিষয়ে সিদ্ধান্ত নিতে বিলম্ব হয়। এছাড়া আবেদনকারীর প্রেরিত বিভিন্ন কাগজপত্রে আবেদনকারীর নামের বানানের বিভিন্নতা দেখা দেওয়ায় এ কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। এ অবস্থা পরিহারের লক্ষ্যে পেনশন মঞ্জুরীর আবেদনের সঙ্গে ইতোপূর্বে প্রেরিত ৫(পাঁচ)টি চেক লিষ্টের কাগজপত্রসহ সংশ্লিষ্ট আবেদনকারীর (কর্মকর্তা-কর্মচারী) জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ডের সত্যায়িত ফটোকপি ও বিভিন্ন কর্মস্থলে চাকুরীর বিবরণী (নাম, পদবী, কর্মস্থল ও চাকুরীর শুরু হতে শেষ পর্যন্ত) অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে।

(শেখ মো: শামীম ইকবাল)

অতিরিক্ত সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও
পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
ফোন: ৯১৪৬১২৮
e-mail: dgfpinfo@gmail.com

স্মারক নং-পপঅ/শা-১/পেন-২৪৮১/১৬/ ২২১/১(২)

তারিখ : ০৬, ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ।
১২, ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। পরিচালক/লাইন ডাইরেক্টর(সকল)....., এ অধিদপ্তর।
- ২। পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর বিভাগ।
- ৩। পরিচালক, এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক, এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), পরিবার পরিকল্পনা কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা।
- ৬। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, (সকল).....জেলা। পত্রটি সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
- ৭। অধ্যক্ষ, পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠান, ঢাকা/রাজশাহী/বরিশাল।
- ৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ অধিদপ্তর।

(সায়মা রেজা)

ভারপ্রাপ্ত কর্মকর্তা (পেনশন)।